

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্থাপন মন্ত্রণালয়  
পরিবহন অধিশাখা  
www.moestab.gov.bd.

নং-০৫.১২১.০২৬.০০.০০.০৪৮.২০০৪(অঃ-১)-১০৯

তারিখঃ ৩০ চেম, ১৪১৬  
১৩ এপ্রিল, ২০১০

ঃ প্রজ্ঞাপন ঃ

বিষয় : সরকারি যানবাহনে জ্বালানী ব্যবহার।

সরকারি যানবাহনে সিএনজি/জ্বালানী তেল ব্যবহার বিষয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ-

১। সরকারি যানবাহনে এখন থেকে সিএনজি অথবা জ্বালানী তেল এর যে কোন একটি ব্যবহার করা যাবে।  
প্রাধিকারপ্রাপ্ত সরকারি যানবাহনের ক্ষেত্রে সিএনজি/জ্বালানী তেলের প্রাপ্যতা নিম্নরূপ হবে ঃ


- (ক) সিএনজি জ্বালানীর প্রাপ্যতা- গাড়ি প্রতি মাসিক ৩০০ (তিনশত) ঘনমিটার ;
- (১) সিএনজি চালিত যানে রূপান্তরিত ই.এফ.আই./এম.পি.এফ. আই. ইঞ্জিনের গাড়ি চালু করার জন্য মাসিক ৩০ (ত্রিশ) লিটার পেট্রোল/অকটেন বরাদ্দ করা যাবে ;
- (২) সিএনজি চালিত যানে রূপান্তরিত কার্বিউরেটর ইঞ্জিনের গাড়ি চালু করার জন্য মাসিক ১৫ (পনের) লিটার পেট্রোল/অকটেন বরাদ্দ করা যাবে ;
- (খ) জ্বালানী তেলের ক্ষেত্রে প্রাপ্যতা- গাড়ি প্রতি মাসিক ২০০ (দুইশত) লিটার।

২। সরকারি ছুটি দু'দিন হওয়াতে জরুরী রপ্তারেশন কাজ ব্যতীত না করে সকল অফিসের ক্ষেত্রে ১০% জ্বালানী ব্যয় হ্রাস করতে হবে।

৩। সংস্থাপন মন্ত্রণালয়ের ২৬/০৯/২০০৪ তারিখের সম(পরিঃ)-সিএনজি-১০/২০০৩-৫০১ এবং ১২/০৩/১৯৯৮ তারিখের সম(পরিঃ)প-১০/৯৭-১৩৭(২০০) নং প্রজ্ঞাপনসমূহের আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এ বং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মাহুদা খান)  
উপ-সচিব

ফোন নং- ৯৫৫৬০১০

[dsttransport@moestab.gov.bd.](mailto:dsttransport@moestab.gov.bd)

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৩। মহা হিসাব নিয়ন্ত্রক, মহা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, ..... (সকল)।
- ৬। সংস্থাপন মন্ত্রণালয়ের সকল অধিদপ্তর।
- ৭। জেলা প্রশাসক ..... (সকল)।
- ৮। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিশেষ গ্যাজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।